

শিক্ষার্থীদের মারধরের জেরে জাবি ছাত্রদের মহাসড়ক অবরোধ ভাঙচুর আশুন

প্রতিনিধি, শান্তার

শিক্ষার্থীদের মারধরের প্রতিবাদে গতকাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা কয়েকটি বাসে ভাঙচুর চালায় ও আশুন ধরিয়ে দেয়। এতে ওই সড়কে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। প্রায় ২ ঘণ্টা পর জাবি প্রশাসন ছাত্রদের ক্যাম্পাসে ফিরিয়ে নিলে পরিস্থিতি শান্ত হয়।

সূত্র জানায়, গতকাল দুপুর ১টার দিকে জাবির একটি বাস ঢাকার মিরপুর মাজার

থেকে ঢাকার সময় সামান্য যানজটের সৃষ্টি হয়। এতে পরিবহন শ্রমিকরা ফুরু হয়ে কয়েকজন ছাত্রকে পাড়ি থেকে টেনে নামিয়ে বেধরক মারধর করে। এ ঘটনার জের ধরে বিকেল সাড়ে ৩টার দিকে জাবি ছাত্ররা এ ঘটনার বিচার দাবিতে জাবির ডেইরি ফার্ম আশুন : . . . পৃঃ ২ কঃ ৭

আশুন : অবরোধ

(১২ পৃষ্ঠার পর)

থেকে শান্তিপূর্ণ অবস্থান নেয়।

এ সময় বাস শ্রমিকরা তাদের কটাক্ষ করলে ছাত্ররা ক্ষিপ্ত হয়ে মহাসড়কে অবরোধ করে বাসে অগ্নি সংযোগ, ভাঙচুর ও পরিবহন শ্রমিকদের মারধর করে। এ সময় ছাত্ররা ধামরাই-ঢাকা রোডে চলাচলকারী ডিলিংক পরিবহনের একটি বাস, ঢাকা-বগুড়া রোডের স্বর্ণা পরিবহন ও হানিফ পরিবহনের একটি বাসে অগ্নিসংযোগ করে। এছাড়া আরও ২৫টি বাসে ভাঙচুর চালায়। এতে ঢাকা-আরিচা মহাসড়কে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত এ তাগব চলে।

এ সময় পুলিশ, রাব ও সেনা সদস্য মোতায়েন করা হয়। পরে জাবির প্রশাসনিক কর্মকর্তারা বিক্ষুব্ধ ছাত্রদের ক্যাম্পাসে ফিরিয়ে নিলে পরিস্থিতি শান্ত হয়।